**PROBASHI BENGALI CHRISTIAN ASSOCIATION, INC.**
**U.S.A.**
www.PBCAUSA.org
P.O. Box-1568, New York, NY 10159-1568
718-510-7665 • 917-279-3785

তারিখ ঃ ১ মে, ২০১৩

## ২৭তম বার্ষিক সাধারণ সভা - ২০১৩

সুধী,

আগামী ৮ জুন, ২০১৩ (শনিবার) তারিখে প্রবাসী বেঙ্গলী খ্রীষ্টান এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সদস্য/সদস্যাবৃন্দদের উপস্থিতি একান্ত কাম্য।

### সভার কর্মসূচী

১. প্রারম্ভিক প্রার্থনা
২. মিনিটস্ সেক্রেটারী নির্ধারণ
৩. ২০১২ মিনিটস্ আলোচনা ও অনুমোদন
৪. সাধারণ সম্পাদকের রিপোর্ট আলোচনা ও অনুমোদন
৫. হিসাব রক্ষকের রিপোর্ট আলোচনা ও অনুমোদন
৬. বিবিধ
৭. সভাপতির সমাপনী বক্তব্য
৮. সমাপনী প্রার্থনা

সভার স্থান ঃ Queen of Angels Church Auditorium
44-04 Skillman Avenue
Sunnyside, NY 11104.

সময় ঃ বিকেল ৩ঃ০০ হতে রাত ৯ঃ০০টা।

আগাথা দিপ্তী গমেজ
সভাপতি

অপূর্ব জুলিয়াস বৈরাগী
সাধারণ সম্পাদক

**"প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশন, ইনক"**-এর
২৬ তম বার্ষিক সাধারণ সভার মিনিটস্
স্থান ঃ কুইন্স অব এ্যাঞ্জেলস্ চার্চ অডিটরিয়াম
তারিখ ঃ ৩ জুন, ২০১২, রবিবার
সময় ঃ বিকেল ৩ঃ০০ মিনিট

---

**সভার কর্মসূচী ঃ**

**আলোচ্যসূচী ১ ঃ প্রারম্ভিক প্রার্থনা ঃ**

বিগত ৩ জুন, ২০১২, রবিবার **"প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশন, ইনক"**-এর ২৬ তম বার্ষিক সাধারণ সভা বিকেল ৩ঃ০০ মিনিটে কুইন্স অব এ্যাঞ্জেলস্ চার্চ অডিটরিয়াম স্থানে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রায় ১০০ জন সদস্য/সদস্যা উপস্থিত ছিলেন। সভায় প্রারম্ভিক প্রার্থনা পরিচালনা করেন শ্রদ্ধেয় ফাদার স্ট্যানলি গমেজ এবং সহ-সভাপতি মিসেস আগাথা দিপ্তী গমেজ, বার্ষিক সাধারণ সভার কোরাম হবার পর সভাপতি মি. সাইমন গমেজ-এর বিলম্ব হবার কারণে সাধারণ সম্পাদক মাইকেল টিপু গমেজকে সভায় সঞ্চালকের ভূমিকা পালন করার অনুরোধ করেন।

সাধারণ সম্পাদক মাইকেল টিপু গমেজ সভা শুরুর ক্ষেত্রে কিছু নির্দেশ মালা, যেমন ঃ এজেন্ডা অনুযায়ী প্রশ্ন করতে হবে, প্রতিটি অধ্যায়ের বিষয়ে একজন সদস্য/সদস্যা হাত তুলে দু'টি করে প্রশ্ন করতে পারবেন। কারো কোন ব্যক্তিগত বা পারিবারিক প্রসঙ্গ সভায় উপস্থাপন করা যাবে না।

**আলোচ্যসূচী ২ ঃ মিনিটস্ সেক্রেটারী নির্ধারণ ঃ**

সভার শুরুতে মিসেস চিত্রা রোজারিও সাধারণ সম্পাদকের সম্মতিতে বলেন, এজেন্ডা মোতাবেক দু'টি প্রশ্ন নির্ধারণ করা হয়েছে কিন্তু এজেন্ডায় অনেক বিষয় থাকে। এজেন্ডার বিভিন্ন কর্মসূচীতে আলোচনা হয় এবং পরে সিদ্ধান্ত হয়। তিনি তা বিবিধ-এর আগে অথবা পরে যোগ করার বিষয়টি তুলে ধরেন। সাধারণ সম্পাদক মি. মাইকেল টিপু গমেজ বিষয়টি বিবিধ-এর সময় আলোচনা করার মন্তব্য করেন।

এরপর তিনি মিনিটস্ সম্পাদকের জন্য ট্রিজা মৌসুমী ঘোষকে অনুরোধ করেন। মি. চেষ্টার গমেজ, ট্রিজা মৌসুমী ঘোষের পরিচিতি জানার আগ্রহ প্রকাশ করেন এবং তিনি দু'বছরের সদস্য তালিকাভুক্ত রয়েছে কিনা সে বিষয়ে প্রশ্ন রাখেন। সহ সভাপতি এবং সাধারণ সম্পাদক ট্রিজা মৌসুমী ঘোষের পরিচিতি সহ সদ্য আগত হিসাবে তুলে ধরেন। পরবর্তীতে মিসেস ট্রিজা মৌসুমী ঘোষ বলেন, যারা সংগঠনের সাথে অনেক দিন যাবত জড়িত, তাদের মধ্য থেকে মিনিটস্ সেক্রেটারী নির্ধারণ করা যুক্তিযুক্ত। মি. লরেন্স ডি'কস্তা বলেন, সভায় প্রস্তাব রাখা উচিত ছিল মিনিটস্ সেক্রেটারি নির্ধারণের জন্য এবং সাধারণ সম্পাদককে সরাসরি প্রস্তাব না করার অনুরোধ করেন। সাধারণ সম্পাদক মিনিটস্ সেক্রেটারির জন্য নাম প্রস্তাব করার অনুরোধ করেন। মি. অরূপ মার্ক মধু পুনরায় ট্রিজা মৌসুমী ঘোষের নাম প্রস্তাব করেন। একই সাথে চেষ্টার গমেজ মিসেস চিত্রা রোজারিও-এর নাম প্রস্তাব করেন এবং মি. জন মালো চিত্রা রোজারিওকে সমর্থন করেন। কিন্তু চিত্রা রোজারিওর অসম্মতি থাকায় পুনরায় জন মালো এবং মি. নেবেল ডি'রোজারিও ট্রিজা মৌসুমী ঘোষকে সমর্থন দেন। মিনিটস্ সেক্রেটারি নতুন বিধায়, তাকে সাহায্য করার জন্য সংগঠনের প্রাক্তন সহ সভাপতি মিসেস প্রভা গনসালভেসকে বর্তমান সহ সভাপতি অনুরোধ করেন। মিসেস চিত্রা রোজারিও জানতে চান মিনিটস্ সেক্রেটারি PBCA-এর সদস্য হয়েছে কিনা? সাধারণ সম্পাদক হ্যাঁ সূচক উত্তর দিয়ে পরবর্তীতে ২০১১-এর মিনিটস্-এর আলোচনা করার প্রস্তাব রাখেন।

**আলোচ্যসূচী ৩ ঃ ২০১১ মিনিটস্ আলোচনা ও অনুমোদন ঃ**

২০১১ মিনিটস্ আলোচনা ও অনুমোদন অংশে যাবার পূর্বে মি. নেবেল রোজারিও সভার সভাপতিত্ব কে করছেন, সে সম্পর্কে জানার আগ্রহ প্রকাশ করেন এবং প্রস্তাব করেন সহ-সভাপতিকে সভায় সভাপতিত্ব করার। মি. বেঞ্জামিন

রোজারিও বলেন, কার্যকরী পরিষদের সভাপতির অনুপস্থিতে সহ সভাপতি সভার সভাপতিত্ব করবেন নিয়ম মোতাবেক। তিনি প্রস্তাব সমর্থনের প্রয়োজন নেই বলে উল্লেখ করেন। সহ-সভাপতি উক্ত প্রস্তাব সানন্দে গ্রহণ করেন এবং তার দায়িত্ব তিনি পালন করেন। সাধারণ সম্পাদক সভায় উপস্থিত সকলের কাছে ২০১১-এর বার্ষিক সাধারণ সভার মিনিটস্‌ের কপি থাকা সত্ত্বেও পুনরায় তা পড়ে শোনানোর দরকার আছে কিনা সে সম্পর্কে জানাতে চান। মি. প্যাট্রিক রোজারিও মিনিটস্‌ না পড়ার প্রস্তাব করেন এবং মি. নেবেল ডি'রোজারিও তা সমর্থন করেন।

- মিসেস চিত্রা রোজারিও ২০১০-এর মিনিটস্‌ সম্পর্কিত কিছু তথ্য যা কিনা ২০১১-এর মিনিটস্‌ে সঠিক হিসেবে বিবেচিত হয়ে "সাধারণ সভা কত তম" বিষয়টির উপর আলোকপাত করেন। তিনি ২০১১-এর মিনিটস্‌ে ভাষাগত ত্রুটি রয়েছে বলে ব্যক্তিগত মন্তব্য প্রকাশ করেন এবং সেটি মিনিটস্‌ কমিটি দ্বারা পর্যালোচনা হয়েছিল কিনা তা জানতে চান।
- মি. লরেন্স ডি' কস্তা বলেন, সভার যেকোন বিষয়ের উপর প্রশ্ন থাকবে বর্তমান কার্যকরি পরিষদ বরাবর, সভার এক সদস্য আরেক সদস্যের বরাবর নয়। ২০১১ মিনিটস্‌ে সভাপতি এবং সাধারণ সম্পাদকের অনুমোদন রয়েছে কিনা, সে সম্পর্কে তিনি প্রশ্ন রাখেন। এই বিষয়ে ২০১১ মিনিটস্‌ে সভাপতি এবং সাধারণ সম্পাদকের স্বাক্ষরের বিষয়টিও তুলে ধরেন।
- উত্তরে সাধারণ সম্পাদক পরবর্তীতে তা সংশোধন করার বিষয়ে উল্লেখ করেন।
- সহ সাধারণ সম্পাদক অপূর্ব বৈরাগী বলেন, তিনি ২০১১-এর মিনিটস্‌ সম্পাদন করেন নির্দিষ্ট ৯০ দিনের ভিতর এবং পরবর্তীতে তা পর্যালোচনার জন্য "মিনিটস্‌ পর্যালোচনা" কমিটিকে অবহিত করেন। কিন্তু শুধু মি. যোসেফ কিশোর গমেজ ব্যতীত্ব অন্য কেউই মিনিটস্‌ সম্পর্কিত কোন আলোচনা করেন নাই। তাই তিনি যোসেফ কিশোর গমেজের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।
- মি. চেষ্টার গমেজ ২০১১ সালের মিনিটস্‌ের ৯ থেকে ১৫ অনুচ্ছেদের কার্যকারিতা সম্পর্কে জানতে চান এবং তা বিস্তারিত মিনিটস্‌ে উল্লেখ নেই বলে মন্তব্য করেন।
- ২০১১-এর মিনিটস্‌ সেক্রেটারী হিসেবে অপূর্ব বৈরাগী উল্লেখ্য করেন, যেহেতু মিনিটস্‌ পর্যালোচনা কমিটি রয়েছে, তাই মি. চেষ্টার গমেজের প্রশ্নের সঠিক উত্তর পর্যালোচনা কমিটির নিকট থেকে জানার অনুরোধ করেন।
- মি. লরেন্স কস্তা মিনিটস্‌ সম্পর্কে যেকোন প্রশ্নের উত্তর বর্তমান কার্যকরি কমিটির নিকট থেকে জানার আগ্রহ প্রকাশ করেন।
- মি. চেষ্টার গমেজ মিনিটস্‌ে ৯-১৫-এর প্রসঙ্গে কার্যকারিতা কেন উল্লেখ করা হয়নি, তা জানতে চান। তিনি উল্লেখপূর্বক বলেন, ২০১০ সনে সিটন হল মিলনায়তনে যে আলোচনা হয়েছিল, তার পরিপ্রেক্ষিতে মি. সাইমন গমেজ, মিসেস আগাথা দিপ্তি গমেজ এবং মিসেস আগাথা রোজারিও নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পরে পুনরায় নির্বাচনী মনোনয়ন পাবেন না। তিনি যেসব ঘটনা বাদ পড়েছে তার বিস্তারিত বিবরণ উল্লেখপূর্বক তাৎক্ষণিক মিনিটস্‌ে সংযোজন করার প্রস্তাব রাখেন। অন্যন্থায় মিনিটস্‌ অনুমোদন না পাবার আশংকার কথা ব্যক্ত করেন।
- সহ সভাপতি বলেন, "পুনরায় নির্বাচনী মনোনয়ন পাবেন না" এই রকম কোন সিদ্ধান্ত হয়নি। তিনি শ্রদ্ধেয় ফাদার স্ট্যানলি গমেজের নিকট থেকে তাৎক্ষণিক ভাবে জানার অনুরোধ রাখেন।
- মি. প্যাট্রিক রোজারিও, মি. চেষ্টার গমেজের মন্তব্যকে সমর্থন করেন।
- মি. লরেন্স কস্তা, মি. চেষ্টার এবং মি. প্যাট্রিক রোজারিওর কথা সমর্থন না করে বলেন, ২০১০ সনে সিটন হল মিলনায়তনে ১০০ জনের বেশি লোকের উপস্থিতিতে সিদ্ধান্ত হয়েছিল যে, বর্তমানে যে দু'জনকে বাদ দেওয়া হয়েছে, তাদেরকে পুনঃবহাল রেখে আগামী ২০১১-এর বার্ষিক সাধারণ সভায় নতুন করে মনোনয়ন নিয়ে কার্যকরি পরিষদ গঠন করতে হবে। যে তিনজন তাদের মনোনয়ন প্রত্যাহার করেছিলেন, তারা পুনরায় মনোনন পাবেন। দ্বিতীয়ত, সিটন হল মিলনায়তন সভা PBCA-এর কোন আনুষ্ঠানিক সভা নয়, তাই মিনিটস্‌ে এই প্রসঙ্গে উল্লেখ করার কোন যুক্তিকতা নেই।

- সহ সভাপতি আগাথা দিপ্তি গমেজ বলেন, যারা মনোনয়ন প্রত্যাহার করেছিল, তারা নতুন ভাবে শপথ গ্রহণের মাধ্যমে মনোনয়ন পত্র ফাদার স্ট্যানলীর উপস্থিতিতে প্রদান করেন। তিনি পুনরায় মনোনয়ন না পাওয়ার বিষয়ে কোন আলোচনা করা হয়নি বলে উল্লেখ করেন।
- মি. যোসেফ কিশোর গমেজ একই প্রসঙ্গে বলেন, তিনিও উক্ত দিনে সিটন হল মিলনায়তন সভায় উপস্থিত ছিলেন এবং ফাদার স্ট্যানলীর উপস্থিতিতে মনোনয়ন না পাওয়ার ব্যাপারে কোন আলোচনা হয়নি বলে মন্তব্য করেন।
- মি. বেঞ্জামিন রোজারিও একই প্রসঙ্গে বলেন, মনোনয়ন না পাওয়ার ব্যাপারে কোন আলোচনা হয়নি এবং এই বিষয়ে পরবর্তিতে মি. নেবেল রোজারিওর সাথে পরামর্শ করেছিলেন।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা, মি. চেষ্টার গমেজের কথার যুক্তি সমর্থন করে মিনিটস্‌ে তার উল্লেখ করার মন্তব্য করেন।
- সাধারণ সম্পাদক তা পরবর্তিতে প্রকাশ করার কথা বলেন।
- মিনিটস্‌ সেক্রেটারি মিনিটস্‌ সংরক্ষণের সুবিধার্থে বক্তব্যের প্রারম্ভে প্রত্যেক বক্তার নাম বলার অনুরোধ করেন।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা ২০১১-এর মিনিটস্‌ে বাংলা এবং ইংরেজী দুই ভাষাতে উল্লেখ করার কথা রয়েছে। তিনি এর কার্যকারিতা সম্পর্কে জানতে চান।
- সহ সভাপতি বলেন, ২০১২-এর সাধারণ সভায় দুই ভাষায় করা সম্ভব হয়নি কিন্তু পরবর্তিতে ওয়েব সাইটে ইংরেজীতে প্রকাশ করার প্রস্তাব রাখেন।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা তার প্রস্তাব সমর্থন করেন।
- মিসেস চিত্রা রোজারিও, তার লিখিত ২০১০-এর মিনিটস্‌ পর্যালোচনা করা হয়েছিল কিনা তা জানতে চান। তিনি মিনিটস্‌ে ভুল সংশোধন সভার পূর্বে করার এবং মিনিটস্‌ের বক্তব্য সংশোধন করার কথা বলেন।
- সহ সাধারণ সম্পাদক অপূর্ব বৈরাগী সভার পূর্বে ভুল সংশোধন, সম্ভব না হওয়ার কারণ এবং তাৎক্ষণিক ভুল সংশোধনসহ বলেন, মিনিটস্‌ে কোন বক্তব্য পরিবর্তন করার অধিকার নেই। কোন সদস্য যদি ভুল বক্তব্য দিয়ে থাকেন তবে তার ভুল বক্তব্যই লেখা হবে, তাই তিনি সদস্য/সদস্যাদের সঠিক বক্তব্য দেওয়ার অনুরোধ করেন। ২০১০-এর মিনিটস্‌ পর্যালোচনা করার দায়িত্ব মিনিটস্‌ কমিটির বলে তিনি উল্লেখ করেন।
- মি. লরেন্স কস্তা বলেন, মিনিটস্‌ কমিটি ২০১০-এর পর্যালোচনার জন্য ছিল না শুধু ২০১১-এর জন্য ছিল। তিনি ২০১১-এর মিনিটস্‌ের ভিডিও ধারণ ত্রুটিপূর্ণ থাকার কারণে তা পর্যালোচনা করা সম্ভব হয়নি বলে উল্লেখ করেন।
- মিসেস দিপ্তী গমেজ পরবর্তিতে ভিডিও দেখার জন্য অনুরোধ করেন।
- মি. অশোক গমেজ, মিসেস চিত্রা রোজারিওর কথা প্রসঙ্গে বলেন, মিনিটস্‌ সম্পাদকের দায়িত্ব, যা আলোচনা হচ্ছে তা লিপিবদ্ধ করা, যদি ভুল বলা হয় তবে সেটিই লেখা। তবে সেই ভুল আবার কেউ যদি সংশোধন করে দেন, তবে সেটিও লেখা।
- মি. চেষ্টার গমেজ ২০১১-এর মিনিটস্‌-এ ৯ থেকে ১১-এর উদ্বৃতি দিয়ে "মি. সাইমন গমেজ কেন মনোনয়ন পাবেন না" তা প্রকাশ করার আগ্রহ করেন।
- মি. পল বালা তার বক্তব্যে বলেন, মনোনয়ন বিষয়টি সাংবিধানিক সমস্যা। সংবিধানে যা আছে, তাই চূড়ান্ত। তিনি সংবিধান সংশোধনের পরামর্শ দেন। মিনিটস্‌ লেখা একটি স্বেচ্ছামূলক কাজ, তাই এই বিষয়ে দোষারোপ করার প্রয়োজন নেই বলে তিনি মনে করেন।
- সাধারণ সম্পাদক মাইকেল টিপু গমেজ বলেন, আমাদের কার্যক্রম অনেক কারণবশত সংবিধান অনুযায়ী করা সম্ভব হয় না। আসল উদ্দেশ্য হচ্ছে, সমাজের জন্য কাজ করা। তবে সংবিধান অনুযায়ী করা যুক্তিযুক্ত।
- মি. নেবেল ডি'রোজারিও বলেন, বিগত ৩/৪ বছর যাবৎ "কততম সভা" সেটি সংশোধিত হচ্ছে না। তিনি বলেন, Bylaws-এর সংশোধনী-৩-এর অনুচ্ছেদ অনুযায়ী ২০০৩ সালের সভা ছিল ১৭ তম এবং সেই অনুযায়ী আজকের সভা হবে ২৬ তম। তিনি আরো বলেন, প্রথম তেপান্তরী প্রকাশিত হয় ১৯৯২ সনে এবং

সেখানে উল্লেখ আছে, ১৯৮৫ সালের জানুয়ারী মাসে PBCA শুরু হয় এবং এর আগে একটি সভা অনুষ্ঠিত হয়েছিল, ১৩ নভেম্বর ১৯৮৪ সনে। মি. পিটার গমেজের কাশ্মীর রেষ্টুরেন্টে প্রথম বড়দিনের অনুষ্ঠান করা হয়েছিল, তবে সেটি "প্রবাসী সংঘ" নামে পরিচিত ছিল। তিনি আরো বলেন, ১৯৯২ সাল পর্যন্ত এই সংগঠনের "বেঙ্গলী" নামের পরিবর্তে ছিল "বাঙ্গালী"। মিনিটস্ লেখার ব্যাপারে তিনি মিনিটস্ সম্পাদকের স্বাধীনতা দিয়ে লেখার অনুরোধ করেন। অথবা ৩ জন সদস্য নিয়ে যেমন কার্যকরী পরিষদ, উপস্থিত সদস্য এবং মিনিটস্ সম্পাদকের সমন্বয়ে গঠিত কমিটি করে, মিনিটস্ লেখার আহ্বান করেন।

- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা এবং মি. যোসেফ কিশোর গমেজ "কততম সভা" প্রসঙ্গে Bylaws-এ উদ্বৃতি দিয়ে ২৬ তম সভা বলে উল্লেখ করেন।
- মি. নির্মল গমেজ তাদেরকে সমর্থন করে আরো বলেন, এডহক্ কমিটির মাধ্যমে "প্রবাসী সংঘ" নামে প্রথম আলোচনা সভা অনুষ্ঠিত হয়, ১৯৮৪ সনের ১২ নভেম্বরে। পরবর্তিতে ১৯৮৫ সনে কার্যকরি পরিষদ গঠন করে, নাম পরিবর্তন করে রাখা হয় "প্রবাসী বেঙ্গলী খ্রীষ্টান এসোসিয়েশন, ইনক্" এবং প্রথম সভাপতি নির্বাচিত হন, প্রয়াত মি. ভিনসেন্ট গমেজ। এভাবে ১৯৮৪ সন থেকে হিসাব করে ২৫ বছর পালিত হয়েছিল।
- মি. লরেন্স ডি'কস্তা বলেন, "কততম সভা" প্রসঙ্গে তিনি গত বছরও দৃষ্টিপাত করেছিলেন কিন্তু কোন কার্যকরি পদক্ষেপ হয়নি।
- মি. ডমিঙ্গ অনিল গমেজ মিনিটস্ ২০১১ পাস করার প্রস্তাব করেন এবং মি. জন রড্রিক্স তা সমর্থন করেন।
- মি. অশোক গমেজ জানতে চান, চেষ্টার গমেজের বক্তব্যের প্রসঙ্গে মি. যোসেফ বিকাশ ডি' কস্তা, মি. যোসেফ কিশোর গমেজ, মি. লরেন্স ডি' কস্তা, মি. পেট্রিক রোজারিও এবং মি. বেঞ্জামিন রোজারিও যা বলে গেলেন, তার ফলশ্রুতিতে কি সংশোধন হল?
- সহ সভাপতি আগাথা দিপ্তী গমেজ "সংশোধিত বিষয় হচ্ছে, মনোনয়ন পত্র না পাওয়ার কোন কথা ছিল না" বলে উল্লেখ করেন।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা By laws-এ মনোনয়নের বিষয়ে সঠিক কিছু উল্লেখ নেই। যেহেতু ফাদার স্ট্যানলীকে নিয়ে সিদ্ধান্ত নেয়া হয়েছে, সেহেতু সেটিই গ্রহণ করা উচিত বলে তিনি মন্তব্য করেন।

<u>আলোচ্যসূচী ৪ ঃ সাধারণ সম্পাদকের রিপোর্ট আলোচনা ও অনুমোদন ঃ</u>

- মি. লরেন্স ডি' কস্তা বলেন, By laws-এ শুরু থেকেই অনেক ভুল ছিল এবং বহু বার অনুরোধ সত্ত্বেও তা সংশোধন হয়নি। তিনি By laws-এর উপর বিশেষ গুরুত্ব দেয়ার অনুরোধ করেন।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা বলেন, পারস্পারিক সম্মান প্রদর্শন করে নিজের বিষয়-বস্তুকে বড় করে না দেখে By laws-এ সংশোধন আনা উচিত।
- মি. জন রড্রিক্স সাধারণ সম্পাদকের রিপোর্ট আলোচনার মধ্যে অন্য কোন বিষয়ে আলোচনা না করার অনুরোধ করেন। দ্বিতীয়ত, কোন উদ্দেশ্যপ্রণীত এবং ব্যক্তিগত কথা না বলারও অনুরোধ করেন।
- মি. পল বালা বলেন, সংবিধান করার উদ্দেশ্য ছিল, সংগঠনকে আরো সু-সংগঠিত করে এগিয়ে নিয়ে যাওয়া এবং সংগঠনের রেজিষ্ট্রেশন করার জন্য ৫০১ সি-৩ এর জন্য সংবিধানে সংশোধন করা হয়েছিল। এর মানে এই নয় যে খারাপ কিছু সংগঠিত হয়েছে। কোরাম পূর্ণ হলে সংবিধান অনুযায়ী বার্ষিক সাধারণ সভা শুরু হবে। বার্ষিক সাধারণ সভার "সময় নির্ধারণ" সংবিধানের কোন বিষয় নয়, এটি সদস্যদের নিজেদের সিদ্ধান্তের বিষয় বলে তিনি মনে করেন।
- মি. জন মালো বলেন, সাধারণ সম্পাদকের রিপোর্টে By laws সংশোধনীর বিষয়ে কোন কিছু উল্লেখ নেই। যেহেতু By laws কমিটি গঠন করা হয়েছে, সেহেতু তাদের কার্যকারিতা সম্পর্কে উল্লেখ করা উচিত এই রিপোর্টে।

- সহ সভাপতি আগাথা দিপ্তী গমেজ By laws সংশোধনের বিলম্বের কারণ উল্লেখ করেন এবং পরবর্তীতে বিগত বিভিন্ন সময়ের সকল সভাপতি, পরিষদের বর্তমান উপদেষ্টা সহ, পরবর্তী কার্যকরী পরিষদ দ্বারা By laws সংশোধনের আহ্বান করেন।
- মি. লরেন্স কস্তা সহ সভাপতি আগাথা দিপ্তী গমেজকে ধন্যবাদ জানিয়ে বলেন, এই তথ্যটুকু সাধারণ সম্পাদকের রিপোর্টে উল্লেখ করে সদস্যদের অবগত করলে ভাল হতো।
- মি. জন মালো আরো বলেন, আমাদের সদস্যগণ ওয়েব সাইটে কম যান, তাই পরবর্তীতে সদস্যদের লিখিত ভাবে অবগত করার অনুরোধ রাখেন।
- মিসেস চিত্রা রোজারিও প্রতিটি অনুষ্ঠানে যে লোকের সমাগম ঘটে, তার একটি সংখ্যা এবং পরিষদের সার্থকতা ও ব্যর্থতা সাধারণ সম্পাদকের প্রতিবেদনে প্রকাশ করার অনুরোধ করেন। উল্লেখ যে, মিসেস চিত্রা রোজারিওর বক্তব্য চলাকালীন সময়ে মি. নেবেল রোজারিওর সাথে নিযুক্ত নিরাপত্তা কর্মীর বাকবিকন্ডা ঘটে এবং এর পরিপ্রেক্ষিতে মিসেস চিত্রা রোজারিও নিরাপত্তা কর্মী সাধারণ সভায় নিয়োগের ব্যাপারে নেতিবাচক উদ্বেগ প্রকাশ করেন।
- সহ সভাপতি আগাথা দিপ্তী গমেজ নিরাপত্তা কর্মী নিয়োগের ব্যাপারে সাবেক সভাপতি মি. যোসেফ বিকাশ কস্তার নিকট হতে মতামত জানার আগ্রহ প্রকাশ করেন।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা, তার সময়ের একটি নির্দিষ্ট ঘটনা উল্লেখপূর্বক নিরাপত্তা কর্মীর নিয়োগের প্রয়োজনীতা উল্লেখ করেন। তিনি আরো বলেন, যেহেতু নিরাপত্তা কর্মী বর্তমান পরিষদের দ্বারা নিযুক্ত তাই তাদের নির্দেশ ছাড়া নিরাপত্তা কর্মীর হস্তক্ষেপ প্রয়োজন নয়। এই ব্যাপারে মি. যোসেফ কিশোর গমেজ একমত পষোণ করেন।

মি. জন রড্রিক্স সাধারণ সম্পাদকের রিপোর্ট পাশ করার প্রস্তাব রাখেন এবং চিত্রা রোজারিও তা সমর্থন করেন।

<u>আলোচ্যসূচী ৫ ঃ হিসাব রক্ষকের রিপোর্ট ঃ</u>

- মি. সুশীল ডি' রোজারিও হিসাব রক্ষকের রিপোর্টে আয়ের অধিক ব্যয় সংক্রান্ত বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি সদস্যদের নিকট থেকে বকেয়া অর্থ আদায়ের কার্যকারিতা সম্পর্কে জানতে চান।
- সহ সভাপতি, মি. সুশীল ডি' রোজারিও-এর উত্তরে বলেন, দীর্ঘ মেয়াদের বকেয়া পরিশোধ প্রদান না করায় ২০১০ সালের সভায় অনুমোদন সাপেক্ষে তা বাজেয়াপ্ত করা হয়।
- মি. নেবেল ডি'রোজারিও হিসাব রক্ষকের রিপোর্টে, কোন ব্যাংক সুদ উল্লেখ নেই কেন তা জানতে চান?
- কোষাধ্যক্ষ মি. রস্ বারিকদার বলেন, যেহেতু চেকিং একাউন্ট, তাই এর কোন সুদ পাওয়া যায়নি।
- মি. জন মালো ব্যাংক ফি চার্জ অত্যন্ত বেশি বলে মন্তব্য করেন।
- মি. ডেনিস রোজারিও বলেন, বর্তমান হিসাব অনুয়ায়ী আমাদের নীট ক্ষতি বেশি দেখানো হয়েছে, যার পরিপ্রেক্ষিতে ব্যালেন্স $২০০০-এ এসেছে। তিনি অদূর ভবিষ্যতে আয়ের উৎস বাড়ানোর কি পদক্ষেপ নেয়া হয়েছে এবং যাদের বার্ষিক চাঁদা অনেকদিনের বকেয়া তাদের ব্যাপারে কি পদক্ষেপ নেয়া হয়েছে তা জানতে চান?
- মি. রস্ বারিকদার বলেন, যেহেতু অর্থনৈতিক মন্দা ছিল, তাই লোকসান হয়েছিল। পরবর্তীতে এই বিষয়ে সিদ্ধান্তের ব্যবস্থা রয়েছে। তিনি সদস্যদের বার্ষিক বকেয়া চাঁদার কোন সঠিক হিসাব নেই বলে উল্লেখ করেন।
- মি. যোসেফ হাওলাদার কোষাধ্যক্ষের বাজেট না থাকার ব্যক্তব্যে বলেন, আমাদের অবশ্যই একটি নির্দিষ্ট অর্থ বছরের বাজেট থাকতে হবে। তিনি প্রতি অর্থ বছরের কি কি লাভ-লোকসান হল, তা পাশাপাশি তুলে ধরার অনুরোধ করেন। পিগি ব্যাংকের কার্যকারিতার ব্যাপারে তিনি জানার আগ্রহ প্রকাশ করেন।
- সহ সভাপতির অনুরোধের মি. ক্লেমেন্ট বাদল রোজারিও পিগি ব্যাংকের বর্তমান কার্যকারিতা তুলে ধরেন।

- মি. অশোক গমেজ যদি হিসাব-নিকাশ সংক্রান্ত ক্রটি না থেকে থাকে তবে রিপোর্ট পাশ করানোর জন্য সভায় উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে অনুরোধ করেন এবং অন্যান্য আলোচ্য বিষয় বিবিধতে উল্লেখ করার কথা বলেন। তিনি কোষাধ্যক্ষের নিকট জানতে চান, যেহেতু আয়ের তুলনায় ব্যয় অনেক বেশি, তাই বিগত দুই বছরের পর্যালোচনা থেকে তার নিজস্ব অভিমত কি এবং পরবর্তী সময়ে কি কি পদক্ষেপের মাধ্যমে লোকসানের ব্যবধান কমিয়ে আনা যাবে, তার পরিকল্পনা সম্পর্কে জানতে চান।
- মি. ~~রুপ্~~ ডুলু বারিকদার পরবর্তী সময়ে বাজেট প্রণয়ন করে এবং আরো সদস্যদের অন্তর্ভুক্ত করে, বকেয়া সহ বর্তমান চাঁদা আদায়ের পদক্ষেপ গ্রহণ করার পরিকল্পনা প্রকাশ করেন।
- মি. চেষ্টার গমেজ প্রশ্ন রাখেন, বিভিন্ন অনুষ্ঠানে আয়ের চেয়ে ব্যয় বেশি হবে জেনেও কেন তা আয়োজন করা হয়েছিল? তিনি বিভিন্ন আর্থিক বছরের বার্ষিক চাঁদা কি পরিমাণ বকেয়া ছিল, তা জানার আগ্রহ প্রকাশ করেন।
- মি. সুশীল রোজারিও একই প্রসঙ্গে ২০১১-এর অনুষ্ঠানে $৪০০০-এর লোকসান হওয়ার উদ্বেগ প্রকাশ করেন এবং এই রকম বড় অনুষ্ঠানে ক্ষতি এড়াতে পূর্বেই নজর দেয়ার কথা বলেন।
- সাধারণ সম্পাদক মাইকেল টিপু গমেজ বলেন, আমরা নিমন্ত্রণ পত্র ডাকযোগে পাঠিয়ে ও ফোন করে এবং নির্দিষ্ট বাজেট করেই উক্ত অনুষ্ঠানের আয়োজন করেছিলাম কিন্তু আশা অনুরূপ সদস্য উপস্থিত না হওয়ায় লোকসান হয়।
- মি. সুজিত রোজারিও একই প্রসঙ্গে নির্দিষ্ট বাজেট করে অনুষ্ঠান আয়োজনের অনুরোধ করেন। তিনি পরবর্তীতে যারা কার্যকরী পরিষদে আসবেন তাদের সুষ্ঠু পরিচালনার জন্য বর্তমান পরিষদের ভূমিকা রাখার অনুরোধ করেন।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা বলেন, PBCA-এর বাজেট সবসময়ই ছিল কিন্তু এখানে যা ঘটেছিল, তা হচ্ছে নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছতে না পারা। তিনি আজকের সভা থেকেই বিভিন্ন দিক নির্দেশনা নিয়ে পরবর্তী সময়ের পদক্ষেপ নেয়ার অনুরোধ করেন।
- মিসেস প্রভা গনসালভেস বলেন, আমরা শুধু কার্যকরী পরিষদের ভুল-ক্রটি না ধরে, নিজেদের কর্মকান্ডে দিকে লক্ষ্য রাখি। তিনি প্রথম ও দ্বিতীয় কনভেনসনের উদাহরণ দিয়ে বলেন, শুধু আমাদের সদিচ্ছা থাকলে এই ধরনের লোকসান হতো না। আমাদের সন্তান সহ বন্ধু-বান্ধব মিলে অনুষ্ঠানে যোগদান করে, বাৎসরিক চাঁদা সহ তেপান্তরীতে শুভেচ্ছা বাণী দিয়ে এবং আরো অনেক ভাবেই সংগঠনকে লাভবান করা যেত। তিনি নিজেদের সামাজিক কর্মকান্ড সম্পর্কে সকলকে অবহিত করার অনুরোধ করেন।
- মি. বেঞ্জামিন রোজারিও, মিসেস প্রভা গনসানভেসের সাথে একমত পোষণ করে বলেন, সংগঠনের বাৎসরিক অনুষ্ঠানমালা অনেক পূর্বে সকলকে অবহিত করা হয়ে থাকে, তথাপি ওই অনুষ্ঠানমালা দেখে একই দিনে অনেকেই অপ্রত্যাশিত ভাবে তাদের পারিবারিক অনুষ্ঠান আয়োজন করে থাকেন। ফলে সংগঠনের সদস্য বিভক্ত হয়ে যান। যার ফলশ্রুতিতে গতবারের অনুষ্ঠানে লোকসান হয়েছিল। এসব কর্মকান্ডের জন্য আমরাই দায়ী, কার্যকরী পরিষদের দোষারোপ করার যুক্তিকতা নেই।
- সহ সভাপতি আগাথা দিপ্তী গমেজ বলেন, আজকের সভায় যত জনের সমাগম ঘটেছে, এই রকম যদি বিভিন্ন অনুষ্ঠানে ঘটে তবে সংগঠনের অনেক লাভ হবে, তিনি বিভিন্ন অনুষ্ঠানে সবাইকে যোগদান করার অনুরোধ রাখেন।
- মি. নেবেল ডি'রোজারিও টিম ওয়ার্কের উপর গুরুত্ব দিয়ে কার্যক্রম পরিচালনার অনুরোধ করেন। তিনি ৩ বছর আগের পিগি ব্যাংকের হিসাব বর্তমানে কেন? সেলফ্ ষ্টোরেজে কি রয়েছে? এবং ষ্টোরেজে যে সাউন্ড সিষ্টেম রয়েছে, তা থাকা সত্ত্বেও কেন আবার নতুন করে সাউন্ড সিষ্টেম ভাড়া করা হয়? উক্ত বিষয়সমূহ সম্পর্কে জানার আগ্রহ প্রকাশ করেন। ওয়েব সাইটে একই ব্যক্তির ছবি বেশি প্রকাশ করার কারণে তিনি হতাশ হন। তিনি তেপান্তরী প্রকাশের ক্ষেত্রে সংখ্যা প্রকাশের ভিন্নতা নিয়ে বক্তব্য রাখেন।
- মি. নির্মল গমেজ বলেন, By laws সংশোধনীর আলোচনার ক্ষেত্রে অর্থনৈতিক দিক সম্পর্কেও খেয়াল রাখতে হবে। সেক্ষেত্রে যারা সভায় কথা বলবেন, তারা পূর্বেই তার বাৎসরিক চাঁদা পরিশোধ করেছেন, এই মর্মে শুরু করবেন।

- মি. পেট্রিক রোজারিও বলেন, আমাদের যোগাযোগ রক্ষা করার ক্ষেত্রে অনেক ব্যর্থতা রয়েছে। কখনো বেশি আবার কোন ক্ষেত্রে কমিয়ে দেয়া হয়, তাই যোগাযোগ ব্যবস্থার উপর গুরুত্ব দিয়ে নতুন ভাবে সংঘবদ্ধ হতে হবে।

মি. পল বালা হিসাব রক্ষকের রিপোর্ট পাশের জন্য প্রস্তাব জানান এবং মি. জন রড্রিক্স তা সমর্থন করেন।

<u>আলোচ্যসূচী ৬ ঃ বিবিধ ঃ</u>

- মি. সুশীল ডি' রোজারিও By laws সংশোধন করার কমিটির প্রস্তাব করেন।
- মি. গডফ্রে রোজারিও পরবর্তী বার্ষিক সাধারণ সভায় একটি মাইক্রোফোন সভার মাঝে রাখার প্রস্তাব করেন।
- মি. নির্মল গমেজ নির্দিষ্ট সময় অনুযায়ী সভা শেষ করার কথা উল্লেখ করেন এবং সেই অনুযায়ী বিবিধে প্রশ্ন রাখার অনুরোধ জানান।
- মি. যোসেফ বিকাশ ডি' কস্তা বলেন, আমরা সবাই দায়বদ্ধ সংগঠনের সকল বিষয়ের ক্ষেত্রে, সংগঠনের পরিষদের একার নয়। তিনি প্রথম ও দ্বিতীয় কনভেনসনের অনেক লোকের সমাগম সত্ত্বেও লোকসান ছিল বলে জানান।
- মি. জন রড্রিক্স বার্ষিক চাঁদা পরিশোধের ক্ষেত্রে এবং মনোনয়নপত্রের চাঁদা ৫০ ডলার থেকে ২০ ডলারে করার প্রস্তাব করেন।
- মি. টমাস দুলু রয় সভা থেকে ছোট ছোট কমিটি করে সংগঠনের সামগ্রিক কাজ তরান্বিত করার প্রস্তাব রাখেন।
- মি. লরেন্স ডি' কস্তা সকল কার্যকরী পরিষদ সদস্যদের উপস্থিতি এবং তাদের সকলের একই সারীতে বসার অনুরোধ রাখেন। তিনি বার্ষিক চাঁদা প্রতিজন ১০ ডলার হিসেবে না করে প্রতি পরিবার ২০ ডলার করে নেয়ার প্রস্তাব করেন।
- মিসেস রাণী ইসেবেলা গমেজ পরিষদের সাথে একত্রে না বসার কারণ উল্লেখ করেন।
- সভাপতি মি. সাইমন গমেজ, মিসেস রাণী ইসেবেলা গমেজের সাথে পরিষদের ভুল বোঝাবুঝির জন্য দুঃখ প্রকাশ করেন।
- মি. জন বাড়ৈ সংগঠনের বার্ষিক কির্তনের অনুদান সঞ্চয়ী হিসাবে রেখে পরবর্তীতে কোন উন্নয়ন কার্যক্রমে ব্যয় করার অনুরোধ করেন। তিনি আরো বলেন, সাব-কমিটি করে, তাদের মাধ্যমে সদস্যদের অনুপ্রাণিত করা যেতে পারে।

<u>**আলোচ্যসূচী ৭ ঃ সভাপতির সমাপনী বক্তব্য ও কার্যকরী পরিষদের বিলুপ্তি ঘোষণা ঃ**</u>

- মি. সাইমন গমেজ সভায় বিলম্বে আসার কারণ উল্লেখ করেন। তিনি বলেন, একত্রে কাজ করার ক্ষেত্রে দ্বিমত হতেই পারে, তবে তিনি প্রতিটি কাজের ক্ষেত্রে ব্যক্তিগত ভাবে চেষ্টা করেন শতভাগ দেয়ার এবং সেক্ষেত্রে অনেক সময় পরিবারের কাছ থেকে দূরে থেকে সংগঠনকে সময় দিতে হয়েছে। তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে, বর্তমান পরিষদের বিলুপ্তি ঘোষণা দিয়ে পরবর্তী কার্যক্রম ইলেকশন কমিশনারের কাছে দায়িত্ব হস্তান্তর করেন।
- মিসেস আগাথা দিপ্তী গমেজ প্রয়াত মি. আর্নেষ্ট ডি' কস্তা এবং প্রয়াত মি. ভিনসেন্ট গমেজের স্মরণে এক মিনিট নিরবতা পালনের অনুরোধ রাখেন। পরবর্তীতে তিনি মি. জন রড্রিক্স, মি. ডমিঙ্গ অনিল গমেজ এবং মিসেস নমিতা কস্তাকে নির্বাচন পরিচালনার করার অনুরোধ রাখেন।

<u>আলোচ্যসূচী ৮ ঃ নির্বাচন ঃ</u>

- মি. জন রড্রিক্স নির্বাচন কমিশনারের সকল সদস্যের পরিচিতি তুলে ধরেন এবং মনোনয়ন প্রার্থীদের নাম প্রকাশ করেন। ১৩টি পদের জন্য ১১ জনের নাম উল্লেখ করেন এবং একই পদে ২ জন প্রার্থী না থাকায় ১১ জনকে নির্বাচিত বলে ঘোষণা দেন।
- মি. চেষ্টার গমেজ সংবিধান অনুযায়ী মনোনয়ন দেয়া হয়েছিল কিনা, এই বিষয়ে প্রশ্ন রাখেন। একই প্রার্থী ২ বারের বেশি মনোনয়ন পাবেন না বলে তিনি উল্লেখ করেন।
- মি. যোসেফ কিশোর গমেজ বলেন, যেহেতু নির্বাচন হয়নি এবং অন্য প্রার্থী না থাকায়, মনোনয়ন প্রাপ্তি ব্যক্তিরা পুনরায় নির্বাচিত হতে পারবেন By laws অনুযায়ী।
- মি. জন রড্রিক্স মনোনীত প্রার্থীদের নাম উল্লেখ করেন।

| | | |
|---|---|---|
| সভাপতি | - | আগাথা দিপ্তী গমেজ |
| সহ-সভাপতি | - | মাইকেল টিপু গমেজ |
| সাধারণ সম্পাদক | - | অপূর্ব জুলিয়াস বৈরাগী |
| সহ-সাধারণ সম্পাদক | - | সিলভিয়া সেতু সরকার |
| কোষাধ্যক্ষ | - | জন রস্ বারিকদার |
| সহ-কোষাধ্যক্ষ | - | জুড পিউরীফিকেশন |
| সাংগঠনিক সম্পাদিকা | - | আগাথা রোজারিও |
| যুগ্ম সাংস্কৃতিক সম্পাদিকা | - | এ্যানি এস. কস্তা |
| যুগ্ম ক্রীড়া ও যুব সম্পাদক | - | জনী ডি'ক্রুজ |
| সদস্য সচিব | - | জন বাড়ৈ |
| সদস্য সচিব | - | ডেরিক গনসালভেস |

<u>আলোচ্যসূচী ৯ ঃ কার্যকরী পরিষদের শপথ গ্রহণ ঃ</u>

- মি. জন রড্রিক্স উপরে উল্লেখিত প্রার্থীদের বর্তমান কার্যকরি পরিষদ হিসেবে ঘোষণা দিয়ে তাদের শপথ পাঠ করান।

<u>আলোচ্যসূচী ১০ ঃ সমাপনী প্রার্থনা ঃ</u>

- শ্রদ্ধেয় ফাদার স্ট্যানলী গমেজ নতুন কার্যকরী পরিষদকে আর্শীবাদ দান করেন এবং সমাপনী প্রার্থনা পরিচালনা করেন। রাত ৯ঃ০৩ মিনিটে ২৬তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি হয়।

মিনিটস্ সম্পাদিকা ২০১২

ট্রিজা মৌসুমী ঘোষ

আগাথা দিপ্তী গমেজ, সভাপতি

অপূর্ব জুলিয়াস বৈরাগী, সাধারণ সম্পাদক

# সাধারণ সম্পাদকের রিপোর্ট
## ২০১২-২০১৩

প্রবাসী বেঙ্গলী খ্রীষ্টান এসোসিয়েশন ইন্‌ক-এর কার্যকরী পরিষদের পক্ষ থেকে জানাই আন্তরিক শুভেচ্ছা। আমাদের বিগত ২০১২-২০১৩ সনের কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ নিম্নে আলোচনা করা হয়েছে।

বার্ষিক সাধারণ সভা ২০১২-এ নতুন কার্যকরী পরিষদ গঠন হয় যার বিস্তারিত প্রতিবেদন মিনিটস্‌-এ উল্লেখ করা হয়েছে। বিগত বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২০১২ সালের বার্ষিক সাধারণ সভা সংবিধান সংশোধনী ২-এর ধারা অনুযায়ী ২৬-তম হিসেবে বিবেচিত হয়েছে। যার ফলশ্রুতিতে ২০১৩ সনের বার্ষিক সাধারণ সভা পুনরায় ২৭-তম হিসেবে অনুষ্ঠিত হবে।

২০১২ সনের বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সংবিধান সংশোধনীর জন্য ইতিমধ্যে পেইড সদস্য/সদস্যাগণকে ডাকযোগে এবং সর্বসাধারণের জন্য ওয়েবসাইটের মাধ্যমে অবগত করা হয়েছে। তারই পরিপ্রেক্ষিতে ২৭ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবার পূর্বে একটি বিশেষ আলোচনা সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বর্তমান কার্যকরী পরিষদ আর্থিক লেনদেনের সুবিধার্থে এই প্রথম PBCA-এর মনোগ্রাম যুক্ত রশিদ বহিঃ প্রকাশ করে।

ব্রুকলীন ডাইসিস-এর মাধ্যমে ৫ বছরের জন্য শ্রদ্ধেয় ফাদার নির্মল কস্তা বাংলাদেশ হতে ২১ এপ্রিল ২০১৩ তারিখে নিউইয়র্কে এসেছেন। তিনি কুইন্স অব এ্যাঞ্জেলস্‌ চার্চের সহকারী পাল-পুরোহিত হিসেবে কাজ করবেন এবং একই সাথে PBCA-এর ধর্মীয় কার্যক্রম তত্ত্বাবধানের জন্য নিযুক্ত থাকবেন।

বিগত ২০১২ এবং ২০১৩ সনে যেসকল সামাজিক এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়েছে তা নিম্নে বর্ণিত হল।

- শ্রদ্ধেয় আর্চবিশপ প্যাট্রিক ডি' রোজারিও-এর বাংলা মিশা উৎসর্গ ঃ গত ৭ জুলাই, ২০১২ সনে বর্তমান কার্যকরী পরিষদ দ্বারা আয়োজিত প্রথম বাংলা মিশা উৎসর্গ করেন, বাংলাদেশ হতে আগত শ্রদ্ধেয় আর্চবিশপ প্যাট্রিক ডি' রোজারিও। বাংলা মিশায় উল্লেখযোগ্য আনুমানিক চারশত খ্রীষ্টভক্তের সমাগম ঘটে। পরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে আর্চবিশপকে অভিনন্দন এবং মানপত্র প্রদান করা হয়েছে।
- প্রতিবারের ন্যায় ২০১২ সনেও বার্ষিক বনভোজন আয়োজন করা হয় Glen Island Park, New Rochelle, NY-এ। এতে আনুমানিক দুইশত লোকের সমাগম ঘটে।
- বিশপ বিজয় ডি' ক্রুজ-এর বাংলা মিশা উৎসর্গ ঃ শ্রদ্ধেয় বিশপ বিজয় ডি' ক্রুজ-এর দীর্ঘদিন চিকিৎসা চলাকালীন কারণে নির্ধারিত সময়ে জার্সী সিটিতে বাংলা খ্রীষ্টযাগ আয়োজন করা সম্ভব হয়নি। পরবর্তীতে চিকিৎসা শেষে তিনি সুস্থ হয়ে ২৯ জুলাই, ২০১২ তারিখে কুইন্স অব এ্যাঞ্জেলস্‌ চার্চে বাংলা মিশা উৎসর্গ করেন।
- তীর্থ ভ্রমণ ঃ PBCA কর্তৃক আয়োজিত দু'দিন ব্যাপী তীর্থ ভ্রমণ Shrine of Saint Elizabeth Ann, National Shrine Grotto of Lourdes এবং Luray Caverns, Virginia-তে সেপ্টেম্বর মাসের ৮ এবং

৯, ২০১২-তে অনুষ্ঠিত হয়। তীর্থ ভ্রমণে ৩৬ জন লোকের সমাগম ঘটে। উক্ত ভ্রমণ উপলক্ষ্যে একটি বাস দু'দিনের জন্য এবং এক রাত আবাসিক হোটেলে থাকার আয়োজন করা হয়েছিল।

- কানেকটিকাট-এ বাংলা মিশা উৎসর্গ ঃ গত ২১ অক্টোবর, ২০১২ তারিখে PBCA-এর কানেকটিকাট-এর অঙ্গরাজ্যের হার্টফোর্ট-এ বাংলা খ্রীষ্টযাগ এবং মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজিত হয়। খ্রীষ্টযাগ উৎসর্গ করেন শ্রদ্ধেয় ফাদার স্ট্যানলী গমেজ। উক্ত অনুষ্ঠানে কানেকটিকাট সহ নিউইয়র্ক এবং নিউজার্সির বিপুল সংখ্যক লোকের সমাগম ঘটে।
- পূর্ব নির্ধারিত নিউজার্সিতে বাংলা খ্রীষ্টযাগ হ্যারিকেন স্যান্ডির কারণে আয়োজন করা সম্ভব হয়নি।
- কীর্ত্তন ঃ PBCA-এর কীর্ত্তন প্রতিবারের ন্যায় গত ২-২৩ ডিসেম্বর, ২০১২-তে নিউইয়র্ক, নিউজার্সি এবং কানেকটিকাটের অঙ্গরাজ্যে অনুষ্ঠিত হয়। বিপুল লোকের সমাগম সহ PBCA কীর্ত্তন ছিল মুখোরিত।
- বড়দিন পুনর্মিলন ঃ PBCA-এর বড়দিন পুনর্মিলন কুইন্স অব এ্যাঞ্জেলস্ চার্চে ২৯ ডিসেম্বর, ২০১২-তে অনুষ্ঠিত হয়। বাংলা মিশা দিয়ে শুরু এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সমাপ্তি হয়। উক্ত দিনে 'তেপান্তরী' ২৬ তম সংখ্যা সকলের মাঝে বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রায় চারশত লোকের সমাগম ঘটে।
- তালপত্র রবিবার ঃ গত ২৪ মার্চ ২০১৩-তে কুইন্স অব এ্যাঞ্জেলস্ চার্চে তালপত্র রবিবার-এর খ্রীষ্টযাগ উৎসর্গ করেন শ্রদ্ধেয় ফাদার স্ট্যানলী গমেজ। খ্রীষ্টযাগে প্রায় দুইশত লোকের সমাগম ঘটে।
- পাস্কা পূণর্মিলনী ও পহেলা বৈশাখ ঃ পাস্কা পূণর্মিলনী ও বাংলা পহেলা বৈশাখ ১৪২০ উপলক্ষ্যে গত ১৪ এপ্রিল ২০১৩ সনে কুইন্স অব এ্যাঞ্জেলস্ চার্চে শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং মেলার আয়োজন করা হয়। উক্ত মেলায় ২৫০ জন লোকের সমাগম ঘটে।
- মাদার্স ডে ও এপ্রিসিয়েশন ডিনার ঃ নির্ধারিত সময় অনুযায়ী মাদার্স ডে ও এপ্রিসিয়েশন ডিনার অনুষ্ঠিত হবে ১২ মে, ২০১২ তারিখে। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ হতে আগত শ্রদ্ধেয় ফাদার নির্মল কস্তাকে শুভেচ্ছা ও স্বাগতম জানানো হবে।

প্রবাসী বেঙ্গলী খ্রীষ্টান এসোসিয়েশন ইন্‌ক-এর সকল সদস্য/সদস্যাই এর একমাত্র চালিকাশক্তি। তাই সকলের সহযোগিতা আমাদের একান্ত কাম্য। সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

ধন্যবাদান্তে

Apurba J. Bairagee

অপূর্ব জুলিয়াস বৈরাগী
সাধারণ সম্পাদক
প্রবাসী বেঙ্গলী খ্রীষ্টান এসোসিয়েশন ইন্‌ক।

# Probashi Bengali Christian Association

## Annual Income Statement: April 1st, 2012- March 31st, 2013

**General Fund 2012**

| | |
|---|---|
| **Revenue:** | |
| Membership Dues Collected | $ 850.00 |
| Bank Interests | $0.00 |
| **Total Revenue** | **$ 850.00** |
| **Expenses:** | |
| Advisor & Cabinet Meeting | 73.15 |
| Check Printing & Bank Charge | $499.63 |
| Storage | $ 1,503.00 |
| 2011 Tax Filling | $ 910.00 |
| Funeral | $ 399.00 |
| Website & Invitation Composing | $ 644.00 |
| **Total Expenses:** | **$4,028.78** |
| **Excess/Deficit** | **$ (3,178.78)** |

**AGM 2012**

| | |
|---|---|
| **Expenses:** | |
| Hall Rental | $ 400.00 |
| Mailing & printing | $ 328.00 |
| Food | $ 290.00 |
| Security | $ 400.00 |
| Supplies | $ 110.45 |
| **Total Expenses:** | **$ 1,528.45** |
| **Excess/Deficit** | **$ (1,528.45)** |

**Plam Sunday Mass 2012**

| | |
|---|---|
| **Revenue** | |
| Donation & Collection | $ 500.00 |
| **Expenses:** | |
| Hall Rent | $ 400.00 |
| Food | $ 399.00 |
| Supplies | $ 42.45 |
| **Total Expenses:** | **$ 841.45** |
| **Excess/Deficit:** | **$ (341.45)** |

Mass & Reception of ArchBishop

| | |
|---|---|
| Revenue | |
| Donation | $ 1,110.00 |
| Collection | $ 1,400.00 |
| **Total Revenue** | **$ 2,510.00** |
| **Expenses:** | |
| Hall Rent | $ 400.00 |
| Bannar | $ 240.00 |
| Soda & Water | $ 103.42 |
| Supplies | $ 100.43 |
| Decoration | $ 166.15 |
| Donation | **$ 1,500.00** |
| **Total Expenses:** | **$ 2,510.00** |
| **Excess/Deficit:** | $ - |

**Plam Sunday 2013**

| | |
|---|---|
| **Revenue:** | |
| Donation | $ 290.00 |
| **Total Revenue** | **$ 290.00** |
| **Expenses:** | |
| Hall Rental | $ 200.00 |
| **Tatal Expense:** | **$ 200.00** |
| **Excess/Deficit:** | **$ 90.00** |

**Picnic 2012**

| | |
|---|---|
| **Revenue:** | |
| Registration | $ 6,340.00 |
| Donation | $ 1,035.00 |
| Lottery | $ 679.00 |
| **Total Revenue:** | **$ 8,054.00** |
| **Expenses:** | |
| Bus Rental & Parking | $ 2,594.00 |
| U-Hal rental | $ 203.99 |
| Food | $ 3,000.00 |
| Supplies | $ 1,591.01 |
| Insurance & Spot Registration | $ 300.00 |
| Prizes | $ 310.75 |
| **Total Expenses:** | **$ 7,999.75** |
| **Excess/Deficit** | **$ 54.25** |

**Pilgrimage trip (Bus Trip) 2012**

| | |
|---|---|
| **Revenue:** | |
| Registration | $ 4,880.00 |
| Lottery | $ 200.00 |
| **Total Revenue** | **$ 5,080.00** |
| **Expenses:** | |
| Bus Rental | $ 2,769.50 |
| Food | $ 474.95 |
| Hotel Room | $ 873.70 |
| Luray Cavarans Registration | $ 527.00 |
| Card & Mailing cost | $ 232.20 |
| **Total Expenses:** | **$ 4,877.35** |
| **Excess/Deficit** | **$ 202.65** |

**Christmas Reunion 2012**

| | |
|---|---|
| **Revenue:** | |
| Registration | $ 3,555.00 |
| Tepantori Ad | $ 9,400.00 |
| Kirton | $ 4,691.99 |
| Lottery | $ 560.00 |
| **Total revenue:** | **$ 18,206.99** |
| **Expenses:** | |
| Tepantori: | |
| Composing & Printing | $ 7,050.00 |
| Mailing | $ 149.00 |
| Christmas: | |
| Hall Rental | $ 400.00 |
| Food | $ 2,800.00 |
| sound system | $ 1,000.00 |
| Lighting | $ 300.00 |
| supplies & Decaration | $ 400.63 |
| Card postage | $ 381.00 |
| Donation | $ 400.00 |
| **Total Expenses:** | **$ 12,880.63** |
| **Excess/Deficit:** | **$ 5,326.36** |

**Grand Total Excess/Defict:** **$ 624.58**

**Probashi Bengali Christian Association**
**April 1, 2012 to March 31, 2013**

**Summary Income Statement for Period**
**April 1, 2012 to March 31, 2013**

| | Revenue | Expenses | Net Income / (Loss) |
|---|---|---|---|
| General Fund | $850.00 | $4,028.78 | (3,178.78) |
| AGM | $0.00 | $1,528.45 | (1,528.45) |
| Annual Picnic | $8,054.00 | $7,999.75 | 54.25 |
| Pilgrimage-Bus Trip | $5,080.00 | $4,877.35 | 202.65 |
| Mass & Reciption of ArchBishop | $2,510.00 | $2,510.00 | 0.00 |
| Christmas Reunion | $18,206.99 | $12,880.63 | 5,326.36 |
| Plam Suday 2012 | $500.00 | $841.45 | (341.45) |
| Plam Suday 2013 | $290.00 | $200.00 | 90.00 |
| Education Fund | $0.00 | $0.00 | 0.00 |
| | 35,490.99 | 33,824.96 | 624.58 |

**Balance Sheet As of March 31st**

| | 3/31/2013 | 3/31/2012 | 3/31/2011 |
|---|---|---|---|
| Cash | $4,713.98 | $5,547.29 | $ 11,807.10 |
| Accounts Receivable | | | |
| **Total Assets** | $4,713.98 | $5,547.29 | $ 11,807.10 |
| **Liabilities** | | | |
| Accounts payable | $1,869.90 | $2,010.95 | $2,072.80 |
| Pre-paid Subscriptions | | $270.00 | $100.00 |
| Education and Community Center Fund | | $1,046.84 | $1,046.84 |
| Total Liabilities | $1,869.90 | $3,327.79 | $3,219.64 |
| Equity | | | |
| Beginning Retained earnings | $2,219.50 | $8,587.46 | $17,614.90 |
| Adjustment Against Prev Yr Bal | | | -$12,143.28 |
| Total | $2,219.50 | $8,587.46 | $5,471.62 |
| Net Income / (Loss) | $ 624.58 | -$6,367.96 | $3,115.84 |
| Total Ending Equity | $2,844.08 | $2,219.50 | $8,587.46 |
| **Total Liabilities & Fund Balance** | $4,713.98 | $5,547.29 | $11,807.10 |

Jude Purification

Prepared By: Jude Purification (Srimonta)
Treasurer, PBCA

**Audited by:**

Sebastian Rozario Sebastian Rozario

Agatha Dipty Gomes

Agatha Dipty Gomes
President, PBCA

Apurbo D. Boiragee

Ruben Rodrigues Ruben Rodrigues

Apurbo Boiragee
Secretary, PBCA

# PROBASHI BENGALI CHRISTIAN ASSOCIATION, INC.

**U.S.A.**

www.PBCAUSA.org
P.O. Box-1568, New York, NY 10159-1568
718-510-7665 • 917-279-3785

PBCA

মে ০১, ২০১৩

প্রিয় সদস্য/সদস্যা,

নমস্কার! প্রবাসীর সকল অনুষ্ঠানে স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ ও সহযোগিতার জন্য আপনাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ।

বিগত ২৮ বছরের কঠোর পরিশ্রম ও সমবেত প্রচেষ্টায় 'প্রবাসী' আজ একটি সুগঠিত সমাজ। আমাদের দেশীয় কৃষ্টি, ঐতিহ্য ও সংস্কৃতিকে ধরে রেখে - তেপান্তরী পত্রিকা ও ওয়েব সাইটের মাধ্যমে 'প্রবাসী' সমাজের সর্বস্তরে সকলের মাঝে গড়ে তুলেছে এক সার্বজনীন যোগাযোগের সেতুবন্ধন।

প্রবাসীর সদস্য/সদস্যাদের কাছ থেকে সংগৃহিত বার্ষিক চাঁদার অর্থ দিয়ে প্রবাসীর দৈনন্দিন কাজের আর্থিক প্রয়োজন মেটানো হয়। প্রবাসীর গঠনতন্ত্র অনুযায়ী, সকল প্রাপ্ত বয়স্ক (১৮ বৎসর ও তদুর্দ্ধ) সদস্য/সদস্যাদের জন্য জনপ্রতি ১০.০০ (দশ) ডলার, বার্ষিক চাঁদা ধার্য্য করা হয়েছে। নির্বাচনী বছরে ৩১ মার্চের মধ্যে এবং অ-নির্বাচনী বছরে ৩১ ডিসেম্বরের মধ্যে এই চাঁদা পরিশোধিত হতে হবে। অনুগ্রহপূর্বক, প্রবাসীর বার্ষিক চাঁদা এবং বিবিধ অনুষ্ঠানের রেজিষ্ট্রেশন সংক্রান্ত ফি ব্যক্তিগত চেক অথবা মানি অর্ডারের মাধ্যমে পরিশোধ করুন।

ধন্যবাদ।

শুভেচ্ছান্তে,

| | |
|---|---|
| আগাথা দিপ্তী গমেজ | অপূর্ব জুলিয়াস বৈরাগী |
| সভাপতি | সাধারণ সম্পাদক |